




ইন্টারনেট পরিচিতি



শাওন তোর কাছে
একটা জটিল প্রশ্নের
সহজ সমাধানের জন্য
আসলাম।

কী যে বলো না। আমি কী আর
তোমার মত বুদ্ধিমান নাকি?

আধুনিক যুগে
যে প্রযুক্তি বুঝে
সেই বুদ্ধিমান।

বুঝেছি এখন বলো তোমার আবার কী
জানতে ইচ্ছে হলো

এইযে মানুষ সারাদিন
ইন্টারনেট ইন্টারনেট করে
আমি জানতে চাই এই
ইন্টারনেট টা কী?

হা হা হা। শোনো মামা, সাধারণ ভাষায় বলা
যায়, বিশ্বব্যাপী ছড়িয়ে ছিটিয়ে থাকা অগণিত
কম্পিউটারের মধ্যে যে সম্পর্ক বা নেটওয়ার্ক
তৈরি করা হয়েছে তাই ইন্টারনেট।

এই নেটওয়ার্কের সাহায্যে যেমন কোনো
বিষয়ের ব্যাপারে যেকোনো তথ্য খুঁজে পাওয়া
যায়, ঠিক তেমনি পৃথিবীর যেকোনো প্রান্ত
থেকে অপর প্রান্তে যোগাযোগ করা সম্ভব।

এসবের জন্য দরকার ইন্টারনেট সংযোগযুক্ত
একটি কম্পিউটার বা স্মার্টফোন।

এইটুক বুঝলাম।
আরেকটু ক্লিয়ার
করে বল

শোনো, ইন্টারনেটের সাথে সম্পর্কিত
একটি বিষয় হচ্ছে World Wide Web
(www) যা সংক্ষেপে Web নামে পরিচিত।

এটি হচ্ছে পৃথিবীর সকল
ওয়েবসাইটসমূহের ভাণ্ডার যা আমরা
ইন্টারনেটের সাথে যুক্ত হয়ে দেখতে পারি।

এক্ষেত্রে আমাদের দরকার হয়
ওয়েব ব্রাউজার নামক এক বিশেষ
অ্যাপ/সফটওয়্যারের।

আচ্ছা তারপর?

তারপর ইন্টারনেট নামক বিশ্বব্যাপী এই কম্পিউটার
নেটওয়ার্ক তৈরি হয়েছে তার/কেবলের মাধ্যমে এক
দেশের কম্পিউটারসমূহ অন্য দেশের কম্পিউটারের
সাথে সংযুক্ত করার মাধ্যমে।

এমনকি ওয়াই-ফাই কানেকশন এবং
মোবাইল ডাটও ইন্টারনেটের অংশ।

আমরা যখন ব্রাউজারের সাহায্যে ইন্টারনেটের
সাথে যুক্ত হই, তখন আমাদের কম্পিউটার
(ব্রাউজার) তথ্য প্রদানের জন্য নির্দিষ্ট সার্ভারের
কাছে এক ধরনের অনুরোধ পাঠিয়ে থাকে।

সার্ভারটি আমাদের কম্পিউটার থেকে অনুরোধ
গ্রহণের পরে সার্ভারে সংরক্ষিত তথ্য ভাণ্ডার থেকে
নির্ধারিত তথ্য খুঁজে বের করে এবং পুনরায়
আমাদের কম্পিউটারে তা পাঠিয়ে দেয়।

মজার ব্যাপার হচ্ছে, এতসব কর্মযজ্ঞ কেবল কয়েক
মিলিসেকেন্ডের মধ্যেই সম্পন্ন হয়ে যায়।

হ সব তো চোখের
পলকেই হয়ে যায়।

তো মামা ক্লিয়ার হলো?

হ্যাঁ ভাগ্নে
পুরাই ক্লিয়ার।